

India delivers 6 tons of medical assistance to Afghanistan

June 30, 2022

আফগানিস্তানে ভারতের 6 টন চিকিৎসা সহায়তা প্রেরণ

জুন 30, 2022

ভারতের জারি থাকা মানবিক সাহায্যের একটি অংশ হিসেবে ভারত আজ আফগানিস্তানে সপ্তম দফার চিকিৎসা সাহায্য প্রেরণ করেছে, যার মধ্যে রয়েছে 6 টন অত্যাবশ্যক ওষুধ। এই সাহায্যটি কাবুলের ইন্দিরা গান্ধী হাসপাতালের হাতে তুলে দেওয়া হয়েছে।

2. আফগান জনগণকে সহযোগিতা করার জন্য রাষ্ট্রসঙ্ঘের জরুরী আবেদনের পরিপ্রেক্ষিতে, ভারত আজ অবধি সাত দফায় 20 টন চিকিৎসা সহায়তা প্রদান করেছে, যার মধ্যে রয়েছে জীবন দায়ী ওষুধ, টিবি-র প্রতিষেধক, 500,000 ডোজ কোভিড ভ্যাকসিন ইত্যাদি। এই চিকিৎসা সামগ্রী কাবুলে বিশ্ব স্বাস্থ্য সংস্থা(হ) এবং ইন্দিরা গান্ধী শিশু হাসপাতালের হাতে তুলে দেওয়া হয়েছে।

3. আফগানিস্তানে খাদ্য সুরক্ষাকে সুনিশ্চিত করার জন্য, ভারত 35,000 মেট্রিক টন গম, খাদ্য সুরক্ষা খাতে সরবরাহ করেছে। উপরন্তু, সাম্প্রতিক কালে ঘটে যাওয়া মর্মান্তিক ভূমিকম্পের সময় ভারত প্রথম প্রতিক্রিয়াকারী দেশ হিসেবে দুটি বিমানে করে প্রায় 28 টন ভূকম্প ত্রাণ সামগ্রী প্রেরণ করেছে। এই ত্রাণ সামগ্রীগুলি ইউনাইটেড নেশনস অফিস ফর দি কোঅর্ডিনেশন অব হিউম্যান অ্যাক্শন (ইউএনওসিএইচএ), ইউএন ফুড প্রোগ্রাম(ডব্লিউএফপি) এবং দ্য আফগান রেড ক্রিসেন্ট সোসাইটি(এআরসিএস)-এর হাতে তুলে দেওয়া হয়েছে। এরও অতিরিক্ত ওইস্থলে কর্মরত ইউএন সংস্থাগুলির সাথে সমন্বয় রেখে ভারত আফগানিস্তানে আরও চিকিৎসা ও গম সাহায্য প্রেরণ করার প্রক্রিয়ায় রয়েছে।

নিউ দিল্লি

জুন 30, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.